**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডের লং আইল্যান্ড বিজয়ী হিসেবে হান্টিংটন স্টেশনের নাম ঘোষণা করলেন

***ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ স্টেটের সার্বিক অর্থনৈতিক বিকাশ এবং সম্প্রদায়ের বিকাশ কৌশলের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ***

***ডাউনটাউন পুনরুজ্জীবিত করতে স্টেট বাসিন্দা, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং সরকারি কর্মকর্তাদের সাথে কাজ করবে***

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) ষষ্ঠ রাউন্ডের লং আইল্যান্ড বিজয়ী হিসেবে হান্টিংটন স্টেশন (Huntington Station) 10 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পাবে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের রাউন্ড 6 এর অংশ হিসেবে, স্টেটের 10টি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত এলাকায় রূপান্তরিত করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে তাদের অর্থনীতি বলীয়ান করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে মোট 100 মিলিয়ন ডলার তহবিল ও বিনিয়োগের প্রতিশ্রুতি দান করে।

"একটি নিরাপদ, হাঁটার উপযোগী এবং বাসিন্দারা সমৃদ্ধি করতে পারবে এমন সাশ্রয়ী ডাউনটাউন হান্টিংটন স্টেশন সম্প্রদায়ের প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "এই কৌশলগত বিনিয়োগ সম্প্রদায়কে পুনর্জীবিত করবে, এবং আমি হান্টিংটন স্টেশনকে পর্যটক ও স্থানীয় দর্শনার্থী সকলের জন্য একটি দেখার মতো গন্তব্যে পরিণত করার কাজ শুরু করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগে (Downtown Revitalization Initiative, DRI) ডাউনটাউনের এলাকাগুলিকে উচ্চ জীবনযাত্রার মান প্রদানকারী এবং ব্যবসা, চাকরি, ও অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্য আকর্ষণকারী প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরের মাধ্যমে স্টেটের অর্থনৈতিক বিকাশ পলিসির একটি উপাদান হিসেবে কাজ করে। অতীতের DRI রাউন্ডগুলোর মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প শনাক্ত করে এমন একটি বটম-আপ কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে।

স্টেট বিভাগ (Department of State) এরপর পুনরুজ্জীবনকে শুরু করার এবং সম্প্রদায়ের ভিশন বাস্তবায়ন করার সর্বাধিক সম্ভাবনাসহ নির্বাচিত প্রকল্পসমূহকে DRI তহবিল প্রদান করবে।

## হান্টিংটন স্টেশন

হান্টিংটন স্টেশনের DRI এলাকার মনোযোগ থাকবে লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) স্টেশনের ঠিক আশেপাশে হাঁটার উপযুক্ত ডাউনটাউন হান্টিংটন স্টেশন এলাকা যা দক্ষিণে নিউ ইয়র্ক অ্যাভিনিউ (New York Avenue) করিডোর ধরে অব্যাহত থাকবে। যেহেতু ইস্ট সাইড অ্যাক্সেস (East Side Access) প্রকল্পের কাজ বাকি আছে, তাই এই এলাকাটির এমন বাণিজ্যিক পুনরুজ্জীবন হচ্ছে যা পরিশেষে সম্প্রদায়টির একটি মুখ্য বাণিজ্যিক ও সামাজিক আকর্ষণ হিসেবে কাজ করবে। হান্টিংটন স্টেশন এর শহুরে কেন্দ্রটিতে পুনরায় প্রাণ সঞ্চার করতে চায় এবং এর প্রাণবন্ত, বৈচিত্র্যময় ও হাঁটার উপযুক্ত ডাউনটাউনে নতুন সুযোগকে আকৃষ্ট করতে চায়। হান্টিংটন স্টেশনের ভিশন হলো মিশ্র ব্যবহারের প্রকল্পের জন্য মুখ্য সাইট গঠন করে, নিউ ইয়র্ক অ্যাভিনিউ করিডোর ধরে ইউটিলিটি এবং মাথার উপর ঝুলে থাকা তার মাটির নিচে পাঠানো এবং/অথবা স্থানান্তর করা, ব্রডব্যান্ড সম্প্রসারিত করা, একটি কেন্দ্রীয় পার্ক বা গণ জমায়েতের স্থান তৈরি করা, একটি ব্যবসায় ফ্যাসেড কর্মসূচি বাস্তবায়ন করা এবং স্ট্রিটস্কেপ ও পরিবহনের উন্নয়ন করার মাধ্যমে ডাউনটাউনকে রূপান্তরিত করা।

লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ (Long Island Regional Economic Development Council, LIREDC) পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং হান্টিংটন স্টেশনকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটি অতীতের বা ভবিষ্যতে বেসরকারি ও সরকারি বিনিয়োগের সুবিধা নিতে পারবে বা এর জন্য অনুঘটক হিসেবে কাজ করবে;
- ডাউনটাউনটির মধ্যে, বা কাছাকাছির মধ্যে সাম্প্রতিক বা আসন্ন কর্মসংস্থানের সম্ভাবনা থাকবে যা ডাউনটাউনটিতে কর্মীদের আকৃষ্ট করবে, পুনর্গঠনকে সমর্থন করবে এবং উন্নয়নকে টেকসই করে তুলবে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যময় জনগোষ্ঠীর জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটি ইতিমধ্যে বাসযোগ্যতা ও জীবনযাপনের মান বৃদ্ধিকারী পলিসি তৈরি ও বাস্তবায়ন করেছে বা করার সক্ষমতা রাখে;
- মিউনিসিপ্যালিটি একটি উন্মুক্ত এবং বলিষ্ঠ সম্প্রদায়কে জড়িত করার প্রক্রিয়া সম্পাদন করেছে যার ফলে ডাউনটাউন পুনরুজ্জীবনের একটি ভিশন এবং প্রকল্প এবং উদ্যোগসমূহের একটি প্রাথমিক তালিকা তৈরি হয়েছে;
- DRI প্রক্রিয়ার ব্যবস্থাপনার জন্য মিউনিসিপ্যালিটির স্থানীয় সক্ষমতা রয়েছে; এবং

- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরকারী প্রকল্পসমূহকে সনাক্ত করেছে যেগুলি DRI তহবিল পেলে নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

হান্টিংটন স্টেশন স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ করে এর ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করতে এবং দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির নতুন সুযোগ সৃষ্টি করতে 10 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ পাবে। হান্টিংটন স্টেশন এখন DRI এর প্রথম পাঁচ রাউন্ডের লং আইল্যান্ড বিজয়ী ওয়েস্টবেরি, হিকসভিল, সেন্ট্রাল আইস্লিপ, ব্যাল্ডউইন, অ্যামিটিভিল এবং রিভারহেডের সাথে যোগ দিলো।

হান্টিংটন স্টেশন 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে এর ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee) বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রয়াসের নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলো 2023 সালে সম্পূর্ণ হবে।

**স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ স্টেটের প্রতিটি কোণার সম্প্রদায়কে ডাউনটাউন ও অর্থনৈতিক পুনরুত্থানের জন্য তাদের ভিশন বাস্তবায়ন করতে সাহায্য করছে। হান্টিংটন স্টেশন ইতিমধ্যেই বাণিজ্যিক বিকাশ কাজ করছে যা নতুন দর্শনার্থী ও বাসিন্দাদের এই এলাকায় আকৃষ্ট করবে, এবং ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে পাওয়া তহবিল লং আইল্যান্ডের একটি প্রধান স্থানীয় ও আঞ্চলিক গন্তব্য হিসেবে এর অবস্থানকে আরো পাকাপোক্ত করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন**, "DRI দেখিয়ে দিয়েছে যে স্থানীয় সম্পদে কৌশলগতভাবে বিনিয়োগ করলে তার ফলে নিউ ইয়র্ক স্টেটজুড়ে সমৃদ্ধ ও অর্থনৈতিকভাবে বলীয়ান ডাউনটাউন এলাকা পাওয়া যেতে পারে। এই 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়ে বাসিন্দা, দর্শনার্থী ও ব্যবসাসমূহের জন্য সুযোগের কেন্দ্র হিসেবে কাজ করবে এমন আরো আন্তঃসংযুক্ত ও পথচারীবান্ধব এলাকার কেন্দ্র তৈরির উদ্দেশ্যে হওয়া প্রকল্পসমূহের মাধ্যমে হান্টিংটন স্টেশন পুনর্জীবিত হবে।"

**লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের সহপ্রধানগণ, বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের (Bethpage Federal Credit Union) প্রধান কৌশল ও বাজারজাতকরণ কর্মকর্তা লিন্ডা আর্মিন এবং ফার্মিংডেল স্টেট কলেজের প্রেসিডেন্ট (Farmingdale State College) ডাঃ জন ন্যাডার বলেন,** "সমৃদ্ধশালী শহরের কেন্দ্রস্থলগুলি হলো অর্থনৈতিক সুযোগ তৈরির চাবিকাঠি। DRI হাঁটার উপযুক্ত, পরিবহনকেন্দ্রিক জেলার গুরুত্ব, বিশেষ করে লং আইল্যান্ডে, উপলব্ধি করে, এবং মানুষকে এখানে বসবাস করতে, বেড়াতে আসতে এবং ব্যবসা করতে আকৃষ্ট করবে এমন ডাউনটাউনের পুনঃকল্পনা করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির প্রদর্শন করে।"

**নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "হান্টিংটন স্টেশন এলাকায় প্রদত্ত ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের 10 মিলিয়ন মার্কিন ডলার একটি বিকাশমান, হাঁটার উপযুক্ত এবং পরিবহনকেন্দ্রিক সম্প্রদায়ে নতুন প্রাণ সঞ্চার করবে।স্থানীয় নেতৃবৃন্দের সাথে কাজ করে, ইস্ট সাইড অ্যাক্সেস প্রকল্পের দ্বারা হওয়া অগ্রগতির ভিত্তিতে স্টেট হান্টিংটনের শহুরে কেন্দ্রকে আরো বেশি পুনর্জীবিত করা এবং প্রাণবন্ত এই সম্প্রদায়ে নতুন অর্থনৈতিক ও আবাসন সুযোগ আকৃষ্ট করার কাজ অগ্রসরই করছে।এটি নিউ ইয়র্কের পরিবহন কেন্দ্রগুলির কাছে আবাসন তৈরি বৃদ্ধি করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির আরো একটি উদাহরণ।"

**অ্যাসেম্বলি সদস্য স্টিভ স্টার্ন বলেন,** "হান্টিংটন স্টেশন সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী অ্যাসেম্বলি সদস্য হিসেবে, আমি আমাদের ডাউনটাউন এলাকাসমূহের দীর্ঘ প্রত্যাশিত পুনরুজ্জীবনের পক্ষে জোরদান করেছি। অতি গুরুত্বপূর্ণ এই 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন অনুদানটি আমাদের সম্প্রদায়কে বাণিজ্যের একটি প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করতে সাহায্য করবে যেখানে থাকবে একটি সকলের জন্য উন্মুখ প্লাজা, নতুন ফ্যাসেড, পকেট পার্ক, উন্নত পথচারী নিরাপত্তা এবং সবথেকে গুরুত্বপূর্ণভাবে থাকবে সুযোগ, উন্নত জীবনযাত্রার মান এবং বর্ধিত জননিরাপত্তা।আমি এই অত্যাবশ্যকীয় তহবিল এবং হান্টিংটন স্টেশন সম্প্রদায়ের প্রতি তাদের অব্যাহত সমর্থনের জন্য গভর্নর হোকল ও লং আইল্যান্ড আঞ্চলিক বিকাশ পরিষদকে ধন্যবাদ জানাচ্ছি।"

**হান্টিংটন টাউনের সুপারভাইজার এড স্মিথ বলেন,** "হান্টিংটন স্টেশনের জন্য DRI অর্থ পেয়ে হান্টিংটন টাউন অত্যধিক বেশি খুশি হয়েছে। এই 10,000,000 মার্কিন ডলার এই সম্প্রদায়কে অবকাঠামো প্রকল্পের মাধ্যমে পুনর্জীবিত করা, ব্যবসা জেলার বিকাশ ও উন্নয়ন এবং নতুন শিল্পখাতকে উৎসাহিত করার জন্য টাউনের প্রচেষ্টা অব্যাহত রাখতে সাহায্য করবে।সকল প্রচেষ্টা প্রবৃদ্ধি ও কর্মসংস্থানকে উৎসাহিত করবে।দুর্দান্ত এই অর্থদান দ্বারা হান্টিংটন স্টেশনের দারুণ সম্ভাবনা সনাক্ত করার জন্য আমরা গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এজেন্সি এবং স্টেট বিভাগের প্রতি কৃতজ্ঞ। এছাড়াও টাউনের পরিকল্পনা পরিচালক অ্যান্থনি অ্যালোসিওর দূরদৃষ্টি ও এই প্রকল্পে কাজের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। আমরা সম্পূর্ণ সম্প্রদায়ের উন্নতির জন্য আমাদের পরিকল্পনা বাস্তবায়নের কাজ শুরু করতে উন্মুখ।আরেকবার গভর্নর হোকল এবং EDC-কে স্থানীয় সরকারের প্রতি তাদের

আত্মবিশ্বাসের এই প্রদর্শনীর জন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি।আমরা আপনাদের বা আমাদের করদাতাদের হতাশ করবো না।"

**ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ সম্পর্কে**
2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

এই কর্মসূচির প্রথম পাঁচ বছরে, স্টেট পুনরুজ্জীবনের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনর্গঠন, ব্যবসা, চাকরি তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগের জন্য চুম্বকে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। প্রতিটি সম্প্রদায়কে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা গঠন এবং পুনরুজ্জীবনের জন্য সম্প্রদায়ের ভিশনকে অগ্রসরকারী মুখ্য অনুঘটক প্রকল্পসমূহকে বাস্তবায়ন করা ও অতিরিক্ত বেসরকারি ও সরকারি বিনিয়োগ ব্যবহার করার জন্য 10 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে।

DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418